

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২১ সেপ্টেম্বর, ২০২২খ্রি।

প্রেস বিজ্ঞপ্তি


কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সিদ্ধান্তের আলোকে আজ ২১/০৯/২০২২ তারিখে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মানিত সদস্য (যুগ্মসচিব) জনাব শাহনওয়াজ দিলরুবা খানের নেতৃত্বে কারওয়ান বাজার, ঢাকায় সমন্বিত মোবাইল কোর্ট ও বাজার মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়।

পরিদর্শনকালে খাদ্য নিরাপদতার বিষয়গুলো উৎপাদন হতে বিপণনের প্রতিটি ধাপে পর্যবেক্ষণ করা হয়। উক্ত পরিদর্শনে মাছ ও মাংস সংরক্ষণে নিরাপদ খাদ্য আইন-২০১৩ পরিপন্থী কার্যক্রম পরিলক্ষিত হয়। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মাহবুব হাসান কর্তৃক একজন মাংস ব্যবসায়ীকে চালান সংরক্ষণ না করা ও ক্ষতিকর রং ব্যবহারের অপরাধে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ অনুযায়ী ১,০০,০০০ (এক লক্ষ) টাকা অর্থদণ্ড অনাদায়ে ৩ (তিনি) মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। আইন বহির্ভূত উপায়ে সংরক্ষণকৃত মাছ ও মাংস জনসমক্ষে ধূংস করা হয় এবং ব্যবসায়ী সমিতির প্রতিনিধির উপস্থিতিতে ভবিষ্যতে এ ধরনের কাজ না করার জন্য মুচলেকা নেয়া হয়।

এছাড়া মুদি দোকানসমূহকে নিরাপদ খাদ্য (মোড়কাবক্ষ খাদ্য লেবেলিং) প্রবিধানমালা, ২০১৭ অনুযায়ী লেবেলিং নিশ্চিত করার জন্য ৭ দিন সময় বেধে দেয়া হয়। এছাড়া এ সংক্রান্ত সকল বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দিকনির্দেশনা প্রদান করা হয় এবং নিরাপদ খাদ্য আইন-২০১৩ মেনে খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, আমদানি, সংরক্ষণ, ক্রয় ও বিক্রয় করার নির্দেশনা প্রদান করা হয়।

এ কার্যক্রমে সার্বিকভাবে সহযোগিতা ও দিকনির্দেশনা প্রদান করেন বিএফএসএ'র পরিচালক ড. সহদেব চন্দ্র সাহা; বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মাফরোজা আক্তার। এসময় মনিটরিং অফিসার জনাব মো: আমিনুল ইসলাম ও জনাব ইমরান হোসেইন মোল্লা উপস্থিত ছিলেন। সমন্বিত কার্যক্রমে জেলা মৎস্য কর্মকর্তা, উপপরিচালক, প্রাণীসম্পদ অধিদপ্তর, অতিরিক্ত উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সহকারী পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর উপস্থিত ছিলেন।

এছাড়াও বিএফএসএ'র নমুনা সংগ্রহ সহকারী এবং অন্যান্য সহায়ক স্টাফ উপস্থিত ছিলেন। সার্বিক আইন শৃঙ্খলা রক্ষায় বাংলাদেশ আনসার ব্যাটালিয়ন এর একটি চৌকস টিম নিয়োজিত ছিলেন।


(ড. সহদেব চন্দ্র সাহা)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ২২২২২০৮৮১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।